সন্ত্রাসীরা নয় তো কোনো দলের
ধার ধারি না আমরা কোনো ছলের,
এই বাংলায় শুনে রাখুন সবে
দুষ্কৃতীদের উচিত বিচার হবে।


রফিকুল হক





টাকা কামায় যেমনে পারে তেমনে
পাচার করে অমনে না হয় এমনে,
কুলাঙ্গারের নেই তো শরম লজ্জা
খাচ্ছে দেশের অস্থি এবং মজ্জা ।

রফিকুল হক




নদীর পানি বর্জ্যে ভরা
মাছেও ভেজাল বিষ
পাকাফলটা বুঝেশুনে
খোকার হাতে দিস্ ।

সুকুমার বড়ুয়া




রাজ্য কিনে সোনা চাঁদির
পাহাড় যতই গড়ো
সত্যিকারের সুখ চাইলে
পরকে সুখী করো।

সুকুমার বড়ুয়া



ঘুষখোর মামা বলে ভাগ্নে
ঘুষ থেকে তুইও কিছু ভাগ নে ।
মামা আর ভাগ্নেটা দুজনে
সমাজের কীট জানে সুজনে ।


রফিকুন নবী



কালো টাকাঅলা ভালো নয় মোটে
ভালো পথে কভু যায় না
ধরা পড়লেই জেলখানা জোটে
ভালোবাসা কারও পায় না।

রফিকুন নবী





চাই আজ দেশ জুড়ে
বিবেকের জাগরণ,
দুর্নীতি রোধে দ্রুত
শুরু হোক মহারণ।

আখতার হুসেন

অন্যায় করে পার পেতে পার
জানবে না কেউ কিছু,
কিন্তু তোমার বিবেক আছে
ছাড়বে না সে পিছু।

আখতার হুসেন




সন্ত্রাসী যে শত্রু সবার
বন্ধু এবং ভাই না–
সমাজ থেকে হটাই এসো
আমরা তাদের চাই না।

কামাল হোসাইন



খুন আর সন্ত্রাস করে যারা নিত্য
মানুষের পরিচয়ে ওরা দুর্বৃত্ত।
করে যারা নিয়মিত এই পাপকার্য
আইনের সাজা তার হবে অনিবার্য।


অদ্বৈত মারুত



লাখো শহিদের রক্তে ভেজা
আমাদের এই বাংলাদেশ
শুদ্ধাচারে ঋদ্ধ হয়ে
দুর্নীতিকে করব শেষ।

সাগর আশরাফ





দেশকে ভালোবাসবে তুমি
দেশ যে সবার মা
মাকে ভালোবাসব সবাই
অন্য কিছুই না।

মঈন মুরসালিন

একদিন তো মরতে হবে,
জীবন থাকতে দেশটাকে তাই
শোভন করে গড়তে হবে ।

ফখরুল ইসলাম হারুণ


ঘুষ দুর্নীতি জীবন করেছে কালো
আঁধারকে চিরে এবার আলোটা জ্বালো।
আর কিছু নয় দেশটা সবার আগে
রাত ভোর হয়ে আকাশে সূর্য জাগে।

ফখরুল ইসলাম হারুণ




বিবেক যদি না দেয় সাড়া
করব না সেই কাজ
এমনি করেই উঠবে গড়ে
কাঙ্ক্ষিত সমাজ।

আরিফ নজরুল



অন্ধকারের পথটি ছেড়ে
আলোর পথে এলে
এই জীবনের সুখের পাখি
উড়বে পাখা মেলে ।

আরিফ নজরুল






সন্ত্রাসীদের ছত্রছায়া
গডফাদারের ছদ্মবেশ
শক্ত হাতে ঘুরিয়ে দিতে
গর্জে ওঠো বাংলাদেশ ।

আহমেদ সাব্বির

দুর্নীতি সন্ত্রাস আর নয় ভাই রে
সূর্যের জাগরণ চেয়ে দেখো বাইরে।
এই দেশে জঙ্গির নাই ঠাঁই ঠাঁই রে
শান্তির পায়রাটা ওড়ে সাঁইসাঁই রে।

আহমেদ সাব্বির





বন্ধ দুয়ার খুলি
সাম্যের চাবিতে
দুর্নীতি ঘুচে যাক
মানবিক দাবিতে।

ইমরান পরশ

সন্ত্রাসি আর চাঁদাবাজি কর্ম বড়ই হীন
সবাই তাদের ঘৃণার চোখে দেখবে চিরদিন।
সন্ত্রাস আর চাঁদাবাজি মন্দলোকের কাজ
ওসব ছেড়ে নতুন সমাজ গড়ব মোরা আজ।

জসীম আল ফাহিম


এ দেশ আমার এ দেশ তোমার
এ দেশ সবার জানি
এই দেশ থেকে মুছে দেব যত
কলঙ্ক আর গ্লানি ।

যাযাবর মিন্টু




আমাদের আছে দেশ-মাটি-মাতা
হাজার ফুলের গন্ধ–
যত দুর্নীতি আর দুরাচার
আজ হয়ে যাবে বন্ধ ।

যাযাবর মিন্টু



শেষ হোক মারামারি
শেষ করো জঙ্গিকে
তাড়াতাড়ি বাদ দাও
এরকম সঙ্গীকে ।

রেবেকা ইসলাম



নয় তো এটা ঠাট্টা কোনো
নয় তো এটা কৌতুক
সকল যুবক শপথ করুক
আর নেব না যৌতুক।

রেবেকা ইসলাম


বিভেদের ডালপালা
হবে কেটে ফেলতে
শান্তির পায়রার
ডানা দুটি মেলতে।

জিয়া রহমান




ঘুষের টাকার পাহাড় তোমার
একদিন তো টলবেই
শুদ্ধাচারের চলছে লড়াই
এ লড়াইটা চলবেই ।

জিয়া রহমান



দুর্নীতি-অনিয়ম
দূর হলে সব
দেশ জুড়ে বয়ে যাবে
হাসি-কলরব ।

রমজান মাহমুদ



আলোর মতো ছড়িয়ে পড়ি
ফুলের মতো ফুটি
ইচ্ছে করে আকাশ-সমান
শুদ্ধ হয়ে উঠি ।


রমজান মাহমুদ



নিজের ঘরে আঁধার রেখেও
আলো দেয় কে অন্যকে
সেই শুধু দেয় মন কাঁদে যার
দেখে বিপদাপন্নকে।

জগলুল হায়দার





রাত্রি যতই সুগভীর হয়
তত কাছে আসে ভোর
পুবের আকাশে সূর্যটা এসে
খুলবে আলোর দোর ।

জগলুল হায়দার



পুত্রকন্যা মানুষ করতে
অনেক পড়ে খরচা,
শিক্ষাঙ্গনে শিক্ষা চাই
নয় সন্ত্রাস চর্চা ।

রেজিনা ইসলাম



ভেজাল আর ফরমালিন
ধ্বংস করে হাসতে চাই
দূষণমুক্ত পরিবেশে
শীতল হাওয়ায় ভাসতে চাই ।


রেজিনা ইসলাম





ঘুষ দিলে, ঘুষ খেলে, ফলাফল শূন্য
সম্মান মর্যাদা হয় শুধু ক্ষুণ্ন ।
আমরা বীরের জাতি করেছি তো যুদ্ধ
দেশটাকে ভালোবাসি হই পরিশুদ্ধ ।


সোহেল মল্লিক



আমরা সরাব জঞ্জাল সব, শুদ্ধির অভিযানে
কলুষ কালিমা ধুয়ে নেব সব পাখিদের কলগানে ।
অন্ধকারকে চাই না কখনও আমরা আলোক চাই ।
আমাদের মাঝে মিথ্যা-কলুষ কখনও পাবে না ঠাঁই ।

সোহেল মল্লিক





দুর্নীতিতে থমকে থাকে
উন্নয়নের অগ্রগতি
আর কারও নয়, দুর্নীতিতে
দেশের ক্ষতি দশের ক্ষতি ।

রোমেন রায়হান




সদা সত্য কথা বলি
মিথ্যা বলা মহাপাপ
মিথ্যাবাদী কেবল পাবে
সব মানুষের অভিশাপ ।

রোমেন রায়হান



বন্ধু মানে হাত বাড়িয়ে সবার সাথে থাকা
বন্ধু মানে প্রীতির ছবি রংতুলিতে আঁকা ।
বন্ধু মানে এই জীবনের স্বপ্ন এবং আশা
বন্ধু মানে পরস্পরের শ্রদ্ধা-ভালোবাসা ।

আমীরুল ইসলাম



এমন একটা দেশ কি হবে সোনার মতো দেশ,
যে দেশে নেই ঝগড়াঝাঁটি হিংসা ও বিদ্বেষ ।
যে দেশে নেই মিথ্যা কথা সবার মুখে হাসি ।
বুকের মাঝে আছে সেদেশ সবাই ভালোবাসি ।


আমীরুল ইসলাম



ছেলে করবে পড়শোনা
মেয়ে বন্দি রান্নাঘরে
এ অবিচার থাকলে পরে
মানুষ আমরা কেমন করে?


খালেদ হোসাইন





শিশুহত্যা মানুষ গুম
নিচ্ছে কেড়ে সবার ঘুম ।
আমরা যদি জাগি তবে
বন্ধ হবে জোরজুলুম ।

খালেদ হোসাইন






ঘুষের টাকায় করছ দালান করো
দালান সাথে যাবে না
বিবেকটা যার স্বচ্ছ, সে তো
ঘুষের টাকা খাবে না ।

পাশা মোস্তফা কামাল




ন্যায়ের পথে থাকবে যদি
আপোস করা চলবে না
লোভলালসায় মত্ত হয়ে
পাপের পথে টলবে না।

পাশা মোস্তফা কামাল



যত অনিয়ম যত অনাচার
সব পথ করো রুদ্ধ
সবাই তখন সুন্দর হবে
মানুষেরা হবে শুদ্ধ ।

আনজীর লিটন



বলব না মিথ্যা
করব না দুর্নীতি
জনেজনে প্রত্যেকে
গড়ে তোলো সম্প্রীতি ।

আনজীর লিটন



দেশ মানে লোক–লোকের সঙ্গে
এক কাতারে দাঁড়ানো
শক্তিশালী দেশ গঠনে
নিজের দুহাত বাড়ানো।

স.ম. শামসুল আলম





এসো দেশটাকে গড়ব সবাই
গড়ব বলো তো কী করে
সকলেই হব ঐক্যবদ্ধ
ফিরে যেতে হবে শিকড়ে।

স.ম. শামসুল আলম








উড়িয়েছি পাল ধরিয়াছি হাল
চলেছে সোনার তরি
মুক্তস্বাধীন দুর্নীতিহীন
সোনার বাংলা গড়ি ।

মারুফুল ইসলাম




সন্ত্রাস আর জঙ্গিবাদের
ক্ষমাহীন অবসানে
লালসবুজের পতাকা ওড়াই
স্বদেশের সম্মানে।
মারুফুল ইসলাম

কারা করে চাঁদাবাজি
কারা করে হত্যা
তাদের দমন চাই
চাই নিরাপত্তা।

রাশেদ রউফ



কালো যত সব দূরে চলে যাক
ভালোরা আসুক ঘুরে
যুক্তির স্রোতে মুক্তি আসুক
গানে গানে সুরে সুরে ।


রাশেদ রউফ





চাই সন্ত্রাসমুক্ত দেশ
ছড়িয়ে যাবে সুখের রেশ
দেশের মানুষ শান্তি পাক
সন্ত্রাসীরা নিপাত যাক।

আলী হাবিব





কোথাও কোনো সন্ত্রাসীকে
ঠাঁই দেব না
শপথ নিলাম সন্ত্রাসীদের
লাই দেব না।

আলী হাবিব

দুর্নীতি করে যারা দেশের শত্রু তারা
শত্রুরা জেনে রাখো আজকে–
এই দেশ এই মাটি জনগণ ষোল কোটি
ঘৃণা করে দুর্নীতিবাজকে ।

লুৎফর রহমান রিটন





বাংলামায়ের ডাক–
সন্ত্রাসী আর দুর্নীতিবাজ
এবার নিপাত যাক।
ওদের হবে ক্ষয়
জয় সুনীতির জয়।


লুৎফর রহমান রিটন



চর্চা করলে সত্যাচার
দূর হয়ে যায় অত্যাচার,
দুর্বলেরও বল বাড়ে
সোনার গাছে ফল বাড়ে ।

বিলু কবীর





সোনা যদি ফলাতে চাও, পরশপাথর হও
দুঃখে থাকা মানুষগুলোর কষ্টে কাতর হও।
একটুখানি প্রীতির পরশ দিতে পার যদি
পাহাড় চিরে বয়ে যাবে ভালোবাসার নদী।

বিলু কবীর

বৃক্ষ-নদী-পাহাড় বলে থামাও অপকর্ম
সব মানুষই বন্ধু তোমার এই তো মানবধর্ম ।
সদাচারের শুদ্ধাচারের পক্ষে এসো দাঁড়াই
অন্ধকারে জমাট বাঁধা ভূতগুলো সব তাড়াই ।

শাফিকুর রাহী

আমরা তো আলোকের দুর্বার যাত্রী
আমরা হটিয়ে দেব ঘোর অমারাত্রি ।
আমাদের চারপাশে ফুলপরি হাসবে
আনন্দ কলরবে গানেগানে ভাসবে ।


শাফিকুর রাহী



এদেশটাকে সামনে নেব
কষ্ট যত বইতে রাজি
আমরা তরুণ, রুখে দাঁড়াই
দখল, খুন ও চাঁদাবাজি ।

শফিক ইমতিয়াজ





এই যে ভায়া, বলছি কথা, একটুকু দেন কান
ঘুষ না খেয়ে বৈধ আয়ে শাক দিয়ে ভাত খান।
ঘুষ খেয়ে যে দোষটা করেন, ছয়-কে বানান নয়
আপনি আখের গোছান, ঘটে দশের বিপর্যয়।

শফিক ইমতিয়াজ



সত্যের পথে হাঁটে অবিরত যারা
মনে রেখো, কোনোদিন হারবে না তারা ।
যদি হারে, সেটা হবে খুব সাময়িক
মিথ্যাকে বলো তুমি, ধিক ধিক ধিক ।

হাসনাত আমজাদ

ব্যাংক ডাকাতি, ছিনতাই আর খুন বা রাহাজানি
নয় ভালো কাজ এটা সবাই মনে মনে মানি।
কিন্তু তাদের দেখেও কেন আমরা থাকি চুপ
দাও ধরিয়ে, বদলে যাবে এই দেশেরই রূপ।

হাসনাত আমজাদ

কারও দয়ায় দেশ পাইনি
দেশ পেয়েছি যুদ্ধ করে
দুর্নীতিকে কবর দিয়ে
রাখব এদেশ শুদ্ধ করে ।

জাহাঙ্গীর আলম জাহান



দেশের চেয়ে কেউ বড় নয়
দেশটা সবার আগে
দেশকে ভালোবাসতে হবে
গভীর অনুরাগে ।

জাহাঙ্গীর আলম জাহান



শিশু-নারী পাচারকারী কোথায় থাকে বলো?
সাজা দিতে আর দেরি নয়–ধরতে ওদের চলো ।
প্রাণটি ভরে সকল শিশু আম্মু বলে ডাকুক
সোনার বাংলা স্বপ্নসুখে চিরটা কাল থাকুক ।

মোশাররফ হোসেন ভূঞা




সারা দেশে দুর্নীতিবাজ হাজার হাজার আছে
অবৈধ সব অর্থকড়ি জমা তাদের কাছে।
দুর্নীতিবাজ হটিয়ে দিয়ে দেশ বাঁচাতে হবে
লোকের মুখে অবিরত ঝরবে হাসি তবে।

মোশাররফ হোসেন ভূঞা



আগে চাই নীতি, সাথে সম্প্রীতি
মূল্যবোধের ফ্রেম,
তবে তার মাঝে জেগে উঠবেই
স্বদেশের প্রতি প্রেম ।

ফারুক হোসেন



বিবেককে রাখে শুদ্ধ এবং
ন্যায়ের জন্য কাতর,
অন্যায়ে তার মিলবে না সাড়া
সে হবে কঠিন পাথর ।

ফারুক হোসেন



শুদ্ধাচারে ফুটে উঠুক
শুদ্ধতম হাসি,
আমার সোনার বাংলা আমি
তোমায় ভালোবাসি।


রহীম শাহ



আমাদের হাতে অস্ত্র কিংবা গুলি নাই
কিন্তু আমরা একাত্তরকে ভুলি নাই–
প্রয়োজন হলে আবারও আমরা লড়ব
সন্ত্রাসীদের কবর রচনা করব ।

রহীম শাহ






আর নেব না বিদেশি ঋণ
চাই সোনালি ভোর,
আয় করে দেশ গড়ব নিজে
খুলবে আলোর দোর।

রোকেয়া খাতুন রুবী

এ দেশ আমার, মাটি আমার
করছে আমায় লালন,
আমাদেরও দায়িত্বটা
করতে হবে পালন।


রোকেয়া খাতুন রুবী





দুর্নীতি ঘুষ হানাহানি
উন্নয়নের রাস্তা না
বিপথগামী এসব লোকের
ধ্বংস করো আস্তানা ।

ফেরদৌস চৌধুরী



অসৎ পথে অর্থ মেলে
শান্তি পাওয়া যায় না
কেউ কখনও অসৎ লোকের
সঙ্গী হতে চায় না।

ফেরদৌস চৌধুরী



আমরা লড়ছি আমরা লড়ব
আমাদের হবে জয়
কলুষমুক্ত সমাজ গড়ব
থাকবে না কোনো ভয়।

হুমায়ুন সাদেক চৌধুরী



শোনো সন্ত্রাসী জঙ্গি,
যতই কর না ভঙ্গি
জনগণ আমাদের পক্ষে
তোমাদের আর নেই রক্ষে ।


হুমায়ুন সাদেক চৌধুরী



শুদ্ধাচার ও শিষ্টাচার
সভ্য জাতির অহংকার
করলে সবাই চেষ্টা
এগিয়ে যাবে দেশটা।


ফারুক নওয়াজ






দুর্নীতি ঘুষ সন্ত্রাস
না রুখলে সর্বনাশ
ঘুষ চাইলে ধরব
জেলের ভেতর ভরব ।

ফারুক নওয়াজ



ক্রিকেট খেলে দেশের ছেলে বিশ্ব করে জয়
তাদের দ্বারা আমার দেশের মুখ উজ্জ্বল হয় ।
দুর্নীতিবাজ কালোবাজারি ঘৃণা তাদের করি
এসো আমরা সবাই মিলে সোনার বাংলা গড়ি ।

আসলাম সানী




দুঃখগুলো তাড়িয়ে দিয়ে
আনব মোরা সুখের দিন।
তবু জেনো শোধ হবে না
একাত্তরের রক্তঋণ।

আসলাম সানী

আছে ঘুষখোর আছে ঘুষদাতা
চিনে রাখো দুই শত্রুকে
গতিবিধি তার চিহ্নিত করো
দাঁড়াতেই হবে পথ রুখে ।

ওমর কায়সার








সন্ত্রাসীদের ভয় করি না
সাহস আছে বিলক্ষণ
আমার আছে একাত্তরে
যুদ্ধজয়ের প্রশিক্ষণ ।

ওমর কায়সার










অর্থ পাচার রোধ করুন
ঘরের দেনা শোধ করুন
দেশের টাকা দেশে রেখে
সুস্থ-সবল বোধ করুন।

সুজন বড়ুয়া

সকালসাঁঝে কাজের মাঝে নিত্য নিরবধি
দেশ আমাকে কী দিয়েছে তা না ভেবে যদি–
দেশকে আমি কী দিয়েছি সেই কথাটা ভাবি
আমরা তবে পাবই পাব আসল সুখের চাবি।


সুজন বড়ুয়া






জানতে হবে জীবন চলায়
কোনটা সঠিক পথ,
সঠিক পথে থাকলে মিলে
উজ্জ্বল ভবিষ্যৎ।

আহসান মালেক






পরনিন্দায় ব্যস্ত থেকে
কাটায় যারা দিন,
আঁধার ঘেরা জীবন তাদের
বর্ণগন্ধহীন ।

আহসান মালেক



সন্ত্রাস রাহাজানি
কারা করে তাহা জানি
পুলিশে জানাব আজ
আমি-তুমি যাহা জানি ।

আলম তালুকদার

বিপদ-আপদ হলে কিন্তু কেউ থাকে না কাছে
মই কেড়ে নেয় আপন বন্ধু তুলে তোমায় গাছে।
প্রতারকের সঙ্গ ছাড়ো তার সাথে আর নয়
সাধুজনের সঙ্গে থাকো হবেই তোমার জয়।


আলম তালুকদার





আমার বিবেক আমাকে এই
সঠিক দিশা দিক না,
চাকরি করি বেতন তো পাই
ঘুষ খাওয়া তাই ঠিক না।

নাসের মাহমুদ



ন্যায্য বিচার উচিত কথা
সত্য পথে চলায়
ফুলের মালা দাও পরিয়ে
ঐ লোকটার গলায় ।

নাসের মাহমুদ

হানাহানি বন্ধে
দূর করো ত্রাস
থাকবে না এই দেশে
কোনো সন্ত্রাস।

সৈয়দ নাজাত হোসেন







সত্যই সুন্দর
সোজা পথ ভালো
বাঁকা পথ ছেড়ে দাও
সবই তার কালো ।


সৈয়দ নাজাত হোসেন





পাচারকারী, কালোবাজারি
ছোট্ট, বড় বা মাঝারি–
ওরা দুশমন, দুষ্টক্ষত–যাই চলুন
সমাজ থেকে আজই ওদের না বলুন।

সফিকুন নবী



মেজাজ গরম ফর্টিনাইন
নিজ হাতে কে তুলছে আইন?
এই যে দাদা, কই পালান
আসুন দেখাই লালদালান।

সফিকুন নবী

: কাঁড়ি কাঁড়ি টাকা চাই?

: রাস্তাটা বাঁকা ভাই।

: আর কি উপায় নাই?

: উপায় তো একটাই। সৎ পথে থাকা চাই।

ফারুক মাহমুদ



আঁধার পুরীর রাস্তাগুলো এবার তোরা ভুলে যা
বন্ধ যত দোর-জানালা একটি একটি খুলে যা ।
মানুষ যখন আলোর মতো ফুটবে ওরে ফুটবে
অন্ধকারকে হারিয়ে দিয়ে সূর্য জেগে উঠবে ।


ফারুক মাহমুদ





স্বজনপ্রীতি করবে যে জন
সুজন তাকে বলব না
সবাই তাকে করব ঘৃণা
তার সাথে পথ চলব না।

সুবলকুমার বণিক



জন্মদাত্রী জন্মভূমি দুইজনই তো মা
তাদের কথা কোনদিনও ভুলে যাব না ।
হৃদয়মাঝে তাদের আসন চির অমলিন
জীবন দিয়েও শোধ হবে না তাদের যত ঋণ।

সুবলকুমার বণিক

ঘুষ আর দুর্নীতি
এবং স্বজনপ্রীতি
আসুন, সবাই করি বর্জন–
তবেই সফল হবে স্বাধীনতা অর্জন।

নাসির আহমেদ



স্বদেশকে ভালোবাসা
ঈমানের অঙ্গ
সে মানুষ হতে হলে
চাই ভালো সঙ্গ ।

নাসির আহমেদ

